

# আমাদের ১৫৪ বছরের রবীন্দ্র জয়ন্তি

আমাদের রবীন্দ্রনাথ বিশ্ববরেণ্য,  
জগত জোড়া তাঁর খ্যাতি।  
বাঙ্গালী ছিলেন এই সুবাদে  
গর্বিত বাঙ্গালী জাতি।

কবিতায় কাব্যে, সঙ্গীতে ও সুরে  
সাহিত্যে ও শিল্পের প্রসারিত স্তরে  
তাঁর অবদান অনবদ্য, বিস্তৃত ও ব্যাপক  
মানুষের হৃদয়ের দোরে।

তাঁর জন্মের বহু বছর পরে-  
একশো চুয়ান্নতম বৎসরে  
জনকপুরীর বাঙ্গালী সমাজ  
একত্রিত আজ এই দুর্গাবাড়ীর দোরে।

একত্র হয়েছি সবাই আমরা, জানাতে তাঁকে শ্রদ্ধা  
প্রণাম জানাতে তাঁকে  
তাঁর গানে ও কথায়, তাঁর কাব্যে ও কবিতায়  
হৃদয় ভরিয়ে রাখে!

জীবনে আমরা দেখিনি কেউ তাঁকে  
তথাপি এতো যে টান-  
আত্মীয়তা হয়েছে তাঁর রচনা পড়ে  
শুনে শুনে তাঁর গান।

প্রেম ও বিশ্বাসের কালিতে লেখা  
সেই আত্মীয়তার জের-  
কতো লক্ষ হৃদয়ে একক স্মৃতি  
একই সম্পর্কের ঢের !

একশো চুয়ান্নতম রবীন্দ্র জয়ন্তিতে তাই  
আসুন, আমরা সকলে তাঁরই কোন গান গাই  
রবীন্দ্রনাথ আমাদের অন্তরের, গভীরে নিয়েছেন ঠাঁই  
আসুন সকলে, আবার একত্রে, তাঁহারে প্রণাম জানাই।